গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**[কাস্টমস মামলা ও বিরোধ নিষ্পত্তি শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৫৯.০৫.০০২.২৬/ ১৫৫

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮-এর অধীন ১ জুলাই ২০১৫-এর পূর্বে ইস্যুকৃত সম্পূর্ণ বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন (Renewal) সংক্রান্ত স্পষ্টীকরণ।**

সূত্র:
১। জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮-আইন/২০০৮/২১৭৪/শুল্ক, তারিখ: ২৩ জানুয়ারি, ২০০৮ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০৬-আইন/২০১৫/৪৩/কাস্টমস, তারিখ: ১ জুলাই, ২০১৫ খ্রি.;
৩। বানিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-২৬.০০.০০০০.০০০.১২২.৪৪.০০০৩.২৬/২৪৩, তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি.;
৪। EuroCham Bangladesh এর পত্র নং-EUCCB/NBR/2026-035, তারিখ: ১৯/০৮/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর বিধি ৬ (৩) (খ) এ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ বিধান প্রযোজ্য ছিল:

> "লাইসেন্স প্রাপ্তির জন্য আংশিক বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিদেশী অংশীদারের শেয়ার মোট শেয়ারের ৪৯% (শতকরা উনপঞ্চাশ) ভাগের উর্ধ্বে নয় এবং ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পরিশোধিত মূলধন দেখাইয়া বাংলাদেশের রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ ও ফার্মস এর প্রত্যয়নপত্র ও নিবন্ধন হওয়া সংক্রান্ত কাগজপত্র।"

০২। পরবর্তীতে লাইসেন্স প্রাপ্তির জন্য আংশিক বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিদেশী অংশীদারের শেয়ার মোট শেয়ারের ৪৯% (শতকরা উনপঞ্চাশ) ভাগের উর্ধ্বে নয় এর স্থলে ৪০% (শতকরা চল্লিশ) ভাগের উর্ধ্বে নয় এবং সম্পূর্ণ বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদান না করার বিধান সংযোজন করে সংশোধিত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০৬-আইন/২০১৫/৪৩/কাস্টমস, তারিখ: ১ জুলাই, ২০১৫ খ্রি. জারি করা হয়। উক্ত প্রজ্ঞাপন জারির পরে শতভাগ বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ লাইসেন্স নবায়নের (Renewal) ক্ষেত্রে মাঠপর্যায়ে নানাবিধ জটিলতার সম্মুখীন হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর আওতায় ১ জুলাই, ২০১৫ খ্রি. এর পূর্বে আইনানুগভাবে ইস্যুকৃত এবং বৈধভাবে বহাল শতভাগ বিদেশী মালিকানাধীন কোনো ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট লাইসেন্সধারী প্রতিষ্ঠান উক্ত বিধিমালার বিধি-৯ অনুযায়ী যথাযথ ফি পরিশোধপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করলে, কেবল উক্ত বিদেশী মালিকানার কারণে প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন (Renewal) এর আবেদন প্রত্যাখ্যান করা যাবে না। এরূপ ক্ষেত্রে দলিলাদি যথাযথ পাওয়া গেলে ও বিধি মোতাবেক নবায়নের শর্ত পূরণ হলে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স নবায়ন করতে কোনো বাধা নেই।

০৪। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যা জারি করা হলো।

7.9.2026
মো: শাহাদাত জামিল
দ্বিতীয় সচিব
কাস্টমস মামলা ও বিরোধ নিষ্পত্তি
ই-মেইল: customsomonnoynbr@gmail.com

<u>বিতরণ (অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন (১০ম তলা), আগারগাঁও, ঢাকা।
২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ মোংলা/ বেনাপোল/ আইসিডি, কমলাপুর/ পানগাঁও/ আইসিডি, চট্টগ্রাম/ ভোমরা।
৩। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) / ঢাকা (উত্তর) / ঢাকা (পূর্ব) / ঢাকা (পশ্চিম) / চট্টগ্রাম / রাজশাহী / যশোর / খুলনা / সিলেট / রংপুর / কুমিল্লা / নারায়নগঞ্জ / গাজীপুর / ময়মনসিংহ / বরিশাল / কক্সবাজার।

৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) / ঢাকা (উত্তর) / চট্টগ্রাম।

৫। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।

৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।

৭। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা।

৮। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৯। কর কমিশনার, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।

১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে আলোচ্য স্মারকটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এ আপলোড করার অনুরোধসহ)।

১২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৯.০৫.০০২.২৬/

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ, ই-৬/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। Mr. Michael Miller, Ambassador, European Union, Plot-7, Road-84, Gulshan-2, Dhaka-1212.

৪। Mr. Anders B. Karlsen, Charges d'Affaires a.i, Roya Danish Embassy, Bay's Edgewater, Level 06, Plot No.-12, North Avenue, Gulshan-2, Dhaka-1212.

৫। Nuria Lopez, Chairperson, EuroCham Bangladesh, DTX Business Centre (9th Floor), Ka 74/5, Pragati Sarani Road, Kuril, Dhaka-1229.

৬। একান্ত সচিব, বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, শাহবাগ, ঢাকা।

৭। সভাপতি, ফরেন ইনভেস্টর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সামা হুমস, অ্যাপার্টমেন্ট নং- সি-৩, বাড়ি নং-৫৯, রোড নং-১, ব্লক-আই, বনানী, ঢাকা-১২১৩।

৮। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডিং এসোসিয়েশন (BAFFA), হাউজ নং ১০ (লেভেল-২ ও ৩), রোড নং ১৭/এ, ব্লক-ই, বনানী, ঢাকা-১২১৩।

৯। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১০। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই), ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১১। সভাপতি, ঢাকা মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার বিল্ডিং, (৫ম তলা), ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১২। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১৩। সভাপতি, বাংলাদেশ চেম্বার অফ ইন্ডাস্ট্রিজ, বিসিআইসি ভবন (৩য় তলা), ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

১৪। সভাপতি, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, আস-সালাম টাওয়ার (৬ষ্ঠ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, ফেডারেশন অব বাংলাদেশ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস, ৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

১৬। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস # ৭/৭এ, সেক্টর # ১৭, ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

১৭। সভাপতি, বাংলাদেশ নীট ওয়্যার ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, প্ল্যানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা-১০০০।

১৮। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, লেভেল-৮, ইউটিসি ভবন, ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

মো: শাহাদাত জামিল
দ্বিতীয় সচিব